



## সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩২, সংসদে বিল পাস



সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

সরকারি চাকরিতে প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর নির্ধারণ করে জাতীয় সংসদে একটি সংশোধনী বিল পাস হয়েছে। এর ফলে চাকরিপ্রত্যাশীদের জন্য বয়সসীমা বাড়ানোর বিষয়টি আইনি ভিত্তি পেল।

রোববার (৫ এপ্রিল) জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী 'সরকারি চাকরি (সংশোধন) বিল, ২০২৬' সংসদে উপস্থাপন করেন। আলোচনা শেষে বিলটি কণ্ঠভোটে গৃহীত হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ।

নতুন আইনের আওতায় সিভিল সার্ভিসসহ সব ধরনের সরকারি চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর নির্ধারণ করা হয়েছে। একইসঙ্গে স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান ও স্ব-শাসিত সংস্থাগুলোর ক্ষেত্রেও এই বয়সসীমা প্রযোজ্য হবে।

তবে প্রতিরক্ষা বাহিনী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাগুলোর নিয়োগে বিদ্যমান পৃথক বিধিমালা অপরিবর্তিত থাকবে বলে বিলটিতে উল্লেখ করা হয়েছে।